

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়


ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ০৭/১২/২০২০ খ্রি.।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ইডেন মহিলা কলেজে ২০১৮-২০১৯
শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব ও ২০১৭-১৮ শিক্ষাবর্ষ মাস্টার্স
প্রিলিমিনারি ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষা কার্যক্রম নিয়ে ২৮/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ অনুযায়ী অনার্স ১ম বর্ষ থেকে ৪র্থ বর্ষ পর্যন্ত পরীক্ষায় অনধিক দুইটি পত্রে অকৃতকার্য শিক্ষার্থীরা মাস্টার্স শেষ পর্বে ভর্তি হতে পারবে। তবে শর্ত থাকে যে অকৃতকার্য পত্রে কৃতকার্য না হওয়া পর্যন্ত শিক্ষার্থীরা মাস্টার্স ফাইনাল পরীক্ষার ফরম পূরণ করতে পারবে না। অকৃতকার্য শিক্ষার্থী ও কৃতকার্য শিক্ষার্থী যারা ভর্তি ফরম পূরণ করতে পারছে না তারা সকল পরীক্ষার ফলাফলের কপি সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার পর ফরম পূরণ করতে পারবে। মাস্টার্স শেষ পর্ব (২০১৮-২০১৯) ভর্তি ফরম পূরণে কোন ভুল বা কোন জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে। এ সংক্রান্ত বিষয়ে ১২/১১/২০২০ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলি অপরিবর্তীত থাকবে।

২। একইভাবে ডিগ্রি পাস কোর্স শিক্ষার্থীদের ক্ষেত্রে ১ম বর্ষ থেকে ৩য় বর্ষ পর্যন্ত পরীক্ষায় অনধিক দুইটি পত্রে অকৃতকার্য ছাত্রীরা মাস্টার্স ১ম পর্ব (প্রিলিমিনারি) কোর্সে ভর্তি হতে পারবে। তবে শর্ত থাকে যে, অকৃতকার্য পত্রে কৃতকার্য না হওয়া পর্যন্ত শিক্ষার্থীরা মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার ফরম পূরণ করতে পারবে না। উল্লেখ্য, ২০১৫ ও ২০১৬ সালের ডিগ্রি পাস কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাও মাস্টার্স ১ম পর্বে ভর্তি হতে পারবে। মাস্টার্স ১ম পর্ব ভর্তি ফরম পূরণ ও ফি জমা কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭ কলেজের ওয়েবসাইটের (অনলাইনে) Admission লিংকে প্রবেশ করে সম্পন্ন করতে হবে। তবে নিয়মিত ছাত্রীদের ভর্তি ফরম ও সেমিনার ফি সংশ্লিষ্ট বিভাগে এবং প্রাইভেট ছাত্রীদের ভর্তির ফি অফিসে জমা দিতে হবে।

 ০৭.১২.২০২০
(প্রফেসর সুপ্রিয়া উদ্দিন)

অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। প্রধান সহকারি, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। সংরক্ষণ নথি।

